

## প্রযুক্তির নাম : নিউট্রিয়েন্ট ফিল্ম টেকনিকের (এনএফটি) মাধ্যমে উচ্চগুণাবলী সম্পন্ন ও দ্রুত বীজ আলু উৎপাদন

### প্রযুক্তির ছবি:



রকউলে রোপিত আলুর অনুচারা    এনএফটিতে আলুর টিউবারইজেশন খাপ    মিনিটিউবার (বারি আলু-৪৬)    মিনিটিউবার (বারি আলু-৫৩)

### বিস্তারিত বিবরণ:

২১-২৮ দিন বয়সের আলুর অনুচারা গ্রীণহাউজে বালিতে ১০-১২ দিন হার্ডেনিং করে এনএফটি টেবিলে রকউলের মধ্যে আলুর অনুচারা রোপণ করা হয়। অনুচারা লাগানোর পর গাছের খাদ্য উপাদানসমূহ ফিল্ম আকারে ২০ মিনিট পরপর প্রবাহিত করা হয়। অনুচারা ভালোভাবে প্রতিষ্ঠিত হওয়ার পর কালো পলিথিন দিয়ে মাচ্চ করে দেওয়া হয়। অতঃপর তরল খাদ্য উপাদানসমূহ ২০ মিনিট পর পর ৩০ সেকেন্ড সময় ধরে প্রবাহিত করা হয়। একই খাদ্য উপাদানসমূহ পুনরায় খাদ্য ট্যাংকে নিয়ে এসে পুনরায় আলুর গাছে ব্যবহার করা হয়। রোপিত আলু গাছে ৭০ দিনের মধ্যে টিউবারইজেশন শুরু হয়। মিনিটিউটারগুলো যখন ৬-১০ গ্রাম ওজনের হয় তখন সংগ্রহ করে চামড়া শক্ত করার জন্য ১২°-১৬° সেন্টিগ্রেড তাপমাত্রায় রাখা হয়। এই পদ্ধতিতে এক ফসল চক্রে প্রতি গাছ থেকে ৫-৬ বার মিনিটিউবার সংগ্রহ করা যায়।

### ফলন:

একটি গাছ থেকে এক ফসল চক্রে ৬-১০ গ্রামের ৪০-৫০ টি মিনিটিউবার পাওয়া যায় যার ওজন ৩০০-৩৫০ গ্রাম।

### বৈশিষ্ট্যসমূহ:

- ১। বছর ব্যাপী মানসম্পন্ন মিনিটিউবার উৎপাদন করা সম্ভব
- ২। নেটহাউজের তুলনায় ৩-৪ গুণ বেশী মিনিটিউবার উৎপন্ন হয়
- ৩। এনএফটি প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত মিনিটিউবার মাটিবাহিত রোগ হতে মুক্ত থাকে
- ৪। রপ্তানীযোগ্য বীজ আলু উৎপাদন করা যাবে
- ৫। এই প্রযুক্তির মাধ্যমে উদ্ভিদের খাদ্য উপাদানসমূহের উত্তম ব্যবহার হয়।